

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় ২০১৫১৬ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্র:নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন- সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/স্বাস্থ্য সেবা বিভাগ	০২	-	০১	০১	০	২	৪৯% হতে ৮৫%	০	০

০১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০২

০২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: প্রয়োজ্য নয়

০৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

ক্রম	সমস্যা	ক্রম	সুপারিশ
১	আহুনিয়া মিশন ক্যাম্পার এন্ড জেনারেল হাসপাতালের জন্য কিছু কিছু ক্ষেত্রে প্রয়োজনের তুলনায় অনেক বেশী যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে (যেমন: অপারেশন টেবিলসহ অপারেশন থিয়েটারের যন্ত্রপাতিসমূহ);	১	বিবেচ্য প্রকল্পের আওতায় ক্রয়কৃত বেশী যন্ত্রপাতির তালিকা প্রাসঙ্গিক তথ্যাদিসহ প্রণয়ন করে তা হাসপাতাল কর্তৃপক্ষের নিকট প্রদান করে তা আইএমইডিকে অবহিত করতে হবে। প্রয়োজনের তুলনায় বেশী ক্রয়কৃত যন্ত্রপাতিসমূহ সঠিকভাবে সংরক্ষণ করতে হবে যেন এগুলোর কার্যক্ষমতা হ্রাস না পায়;
২	সংগৃহীত যন্ত্রপাতিসমূহ সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে না (যেমন: অপারেশন টেবিলের উপর স্তুপাকারে বিভিন্ন মালামাল সংরক্ষণ করা হচ্ছে যা টেবিলের অনেক ফাংশনের জন্য ঝুঁকিপূর্ণ (স্থির চিত্র নং ৫, ৬); এবং	২	নির্মিত আধুনিক মানের হাসপাতাল পরিচালনার জন্য একটি সামগ্রিক ব্যবস্থাপনা কাঠামো ও প্রয়োজনীয় জনবলকে দায়িত্ব প্রদানের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে;
৩	একটি আধুনিক মানের হাসপাতাল নির্মিত হলেও ব্যবস্থাপনা ত্রুটি কারণে হাসপাতালটি সেবা কায়ক্রম বৃদ্ধিতে প্রতিবন্ধকতা তৈরী করেছে বলে পরিদর্শনকালে মনে হয়েছে।	৩	হাসপাতালটিকে পূর্ণ কার্যকর করার নিমিত্ত প্রয়োজনীয় জনবল নিয়োগ দেয়া বিষয়টি বিবেচনা করতে হবে;
৪	আহুনিয়া মিশন ক্যাম্পার এন্ড জেনারেল হাসপাতালের জন্য ক্যাম্পার ও জেনারেল স্বাস্থ্য সেবা দু'ধরনে সেবা প্রদানের জন্যই প্রয়োজনীয় ভৌত অবকাঠামো ও অন্যান্য সুবিধা সৃষ্টির জন্য যন্ত্রপাতি ও আসবাবপত্র প্রকল্পের আওতায় সংগ্রহ করা হয়েছে। কিন্তু হাসপাতালটি মূলতঃ ক্যাম্পারজনিত চিকিৎসা ও সেবা কার্যক্রম সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় জনবল নিয়োগ প্রদান করেছে। হাসপাতালের শয্যা ব্যবহারের হারও অপ্রতুল। পূর্ণ মাত্রায় হাসপাতালটির অবকাঠামো ব্যবহৃত না হলে এমন একটি সেবামুখী প্রতিষ্ঠানের নিয়মিত আবর্তক ব্যয় নির্বাহ করে এটিকে Sustain		

ক্রম	সমস্যা	ক্রম	সুপারিশ
	করানো কঠিন হবে। ফলে এ প্রতিষ্ঠানটির নির্মাণ, যন্ত্রপাতি ক্রয় ও অন্যান্যখাতে সরকার কর্তৃক প্রদত্ত অনুদানকৃত অর্থের পূর্ণ উপযোগ হবে না। এছাড়া আহুনিয়া মিশন -এরও বিনিয়োগ একই কারণে প্রশ্নবিদ্ধ হবে;		
৫	যন্ত্রপাতি সংগ্রহ করা হলেও ঐসকল যন্ত্রপাতির ব্যবহার সর্বোত্তম পর্যায়ে করার জন্য প্রয়োজনীয় জনবল নিয়োগ দেয়া হয়নি(যেমন: ইসিজি, ইইজি ও ইকো রুম স্থাপন করে যন্ত্রপাতি স্থাপন রা হলেও প্রয়োজনীয় জনবল না থাকায় ঐসকল যন্ত্রপাতি ব্যবহৃত হচ্ছে না);		
৬	২টি প্রকল্পই ২০১৫-১৬ অর্থবছরে সমাপ্ত হয়েছে। প্রচলিত নির্দেশনা অনুসারের এডিপিভুক্ত প্রকল্পের বাস্তবায়ন সম্পন্ন হওয়ার ০৩ (তিন) মাসের মধ্যে নির্ধারিত ছকে প্রকল্প সমাপ্ত প্রতিবেদন আইএমইডিতে প্রেরণের কথা থাকলেও তা প্রেরণ করা হয়নি। সমাপ্ত প্রতিবেদন প্রণয়ন করে তা আইএমইডিতে প্রেরণ করার জন্য আইএমইডি হতে একাধিকবার পত্র প্রেরণ, আইএমইডি 'র সচিব কর্তৃক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব বরাবর ডিও পত্র প্রেরণ করেও কোন প্রকার সাড়া পাওয়া যায়নি। ইতোমধ্যে জুন ২০১৭ অতিক্রান্ত হওয়ার পরও সমাপ্ত প্রতিবেদন না পাওয়ায় পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বরাবর ডিও পত্র প্রেরণ করা হয়। সর্বশেষ নভেম্বর ২০১৭তে প্রকল্পের সমাপ্ত প্রতিবেদন আইএমইডিতে প্রেরণ করা হয়। প্রকল্প সমাপ্তির প্রায় ১৮ মাস পর সমাপ্তি প্রতিবেদন প্রেরণ অনাকাঙ্ক্ষিত।	৪	প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে সমাপ্তি প্রতিবেদন প্রণয়ন করে আইএমইডিতে প্রেরণ না করার জন্য দায়-দায়িত্ব নির্ধারণ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ পরবর্তীতে যাতে এর পুনরাবৃত্তি না ঘটে স্বাস্থ্য সেবা বিভাগ তা নিশ্চিত করবে।

প্রভিশন ফর ইকুইপমেন্ট এন্ড প্রফেশনাল ট্রেনিং ফর আহছানিয়া মিশন ক্যাম্পার এন্ড জেনারেল হসপিটাল
-শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

- ১। প্রকল্পের নাম : প্রভিশন ফর ইকুইপমেন্ট এন্ড প্রফেশনাল ট্রেনিং ফর আহছানিয়া মিশন ক্যাম্পার এন্ড জেনারেল হসপিটাল
- ২। প্রকল্পের অবস্থান : প্লট নং-৩, এমব্যাঙ্কমেন্ট ড্রাইভ ওয়ে, সেক্টর-১০, উত্তরা মডেল টাউন, উত্তরা, ঢাকা-১২৩০।
- ৩। বাস্তবায়নকারী সংস্থা : স্বাস্থ্য অধিদপ্তর ও ঢাকা আহছানিয়া মিশন
- ৪। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১০০০০.০০	১০০০০.০০	১০০০০.০০	এপ্রিল ২০১৪ হতে জুন ২০১৫	এপ্রিল ২০১৪ হতে জুন ২০১৬	এপ্রিল ২০১৪ হতে জুন ২০১৬	-	১ বছর (+৮৫%)

৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রাপ্ত পিসিআর-এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	ডিপিপিঅনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপিঅনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	(ক) রাজস্ব ব্যয়:					
১	সরবরাহ ও সেবা					
	গ্যাস ও জ্বালানী	এল.এস	-	৩.০০	-	৩.০০
	পেট্রোল ও লুব্রিক্যান্ট	এল.এস	-	২.০০	-	২.০০
	প্রশিক্ষণ	এল.এস	-	২১১.০০	-	২১১.০০
	প্রকাশনা/গবেষণা	এল.এস	-	২.৫০	-	২.৫০
	স্ট্যাশনারী, সীল ও স্ট্যাম্প	এল.এস	-	২.৫০	-	২.৫০
	পরামর্শক	সংখ্যা	৩৬ এম.এম.	৭২.০০	৩৬ এম.এম.	৭২.০০
	অন্যান্য ব্যয়	এল.এস	এল.এস	৬.০০	এল.এস	৬.০০
২	মেরামত ও রক্ষণাবেক্ষণ					
	মোটর গাড়ি মেরামত	এল.এস	এল.এস	২.০০	এল.এস	২.০০
	উপ-মোট (ক):			৩০১.০০		৩০১.০০
	(খ) মূলধন ব্যয়:					
৩	সম্পদ সংগ্রহ					

ক্রমিক নং	ডিপিপিঅনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপিঅনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	যানবাহন (জীপ-১টি, এ্যাম্বুলেন্স-১টি ও মাইক্রোবাস-১টি)	সংখ্যা	এ্যাম্বুলেন্স -১টি	৩০.০০	এ্যাম্বুলেন্স- ১টি	৩০.০০
	মেডিকেল যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম	সংখ্যা	৫১৩	৯৬৬৯.০০	৫১৩	৯৬৬৯.০০
	উপ-মোট (খ):			৯৬৯৯.০০		৯৬৯৯.০০
	মোট:			১০০০০.০০		১০০০০.০০

তথ্য সূত্র: পিসিআর ও প্রকল্প অফিসের তথ্য অনুযায়ী

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: প্রাপ্ত পিসিআর অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রার বিপরীতে কোন কাজ অসমাপ্ত নেই।

৮। সাধারণ পর্যবেক্ষণ:

৮.১ পটভূমি:

বিশ্বস্বাস্থ্য সংস্থার প্রতিবেদন অনুসারে, বাংলাদেশে প্রতি বছর প্রায় ২,৫০,০০০ জন লোক ক্যান্সারে আক্রান্ত হন, তন্মধ্যে প্রায় ১,৫০,০০০ জন প্রয়োজনীয় চিকিৎসার অভাবে মারা যান। এগুলোর মধ্যে Mouth and oropharynx cancers, Trachea, bronchus, lung cancer, Oesophagus cancer, lymphomas, multiple myeloma, Bladder cancer, Stomach cancer, Colon and rectum cancers, Leukemia, Liver cancer, Prostate cancer বিশেষভাবে উল্লেখ্য। বিশ্বস্বাস্থ্য সংস্থার অন্য একটি প্রতিবেদনে উল্লেখ করা হয়েছিল যে, বাংলাদেশের ১৪০ মিলিয়ন জনগোষ্ঠীর মধ্যে প্রায় Incidence (প্রাদুর্ভাব) -২ লক্ষ, Prevalence (ব্যাপকতা) -৪ লক্ষ, Mortality (মৃত্যুহার)- ১.৫ লক্ষ। প্রতি বছর প্রতি লাখে ১৬৭ জন মানুষ নতুনভাবে ক্যান্সারে আক্রান্ত হন। এভাবে চলতে থাকলে আগামী ২০-২৫ বছরের মধ্যে এ সংখ্যা দ্বিগুন হবে। অর্থাৎ প্রতি বছরে প্রায় ৩-৪ গুন হারে ক্যান্সার রোগীর সংখ্যা বাড়বে। বিশ্বস্বাস্থ্য সংস্থার অন্য একটি সমীক্ষায় দেখা যায়, বাংলাদেশে মুখের ক্যান্সারে আক্রান্তের সংখ্যা প্রায় ৪৯,০০০; Pharynx এবং Laryngeal ক্যান্সারে আক্রান্তের সংখ্যা প্রায় ৭১,০০০ এবং Lung ক্যান্সারে আক্রান্তের সংখ্যা প্রায় ১,৯৬,০০০ জন। উল্লেখ করা প্রয়োজন, এ সমস্ত ক্যান্সারে আক্রান্ত ব্যক্তিগণ প্রায় সকলেই ৩০ বছরের উর্ধ্বে।

ইন্টারন্যাশনাল এজেন্সি ফর ক্যান্সার রিসার্চের তথ্য অনুযায়ী, ২০০৫ সালে ক্যান্সার-ই মৃত্যুর কারন হিসেবে ৫ম তম স্থান অধিকার করেছিল অর্থাৎ মোট মৃত্যুর প্রায় ৭.৫ ভাগ এবং প্রতিরোধ করা না হলে ২০৩০ সালে তা বেড়ে দাঁড়াবে ২২ শতাংশে। তখন ক্যান্সারে আক্রান্ত লোকের সংখ্যা ২.৫ লক্ষ থেকে বেড়ে দাঁড়াবে প্রায় ১২ লাখে। তাই এই ক্যান্সার রোগ প্রতিরোধে সরকারি ও বেসরকারি সংস্থাসহ সবাই মিলে কাজ শুরু করেছে। এ লক্ষ্যে দেশে ক্যান্সার চিকিৎসার ক্ষেত্রে মানসম্মত হাসপাতাল, আধুনিক যন্ত্রপাতি, চিকিৎসা ব্যয়ের ক্ষেত্রে সহজলভ্যতা, জনগনের জন্য সচেতনতা এবং ধুমপান বিরোধী আইন ও তার যথাযথ প্রয়োগ করা আবশ্যিক।

বর্তমানে সরকারি পর্যায়ে জাতীয় ক্যান্সার ইনস্টিটিউট হাসপাতাল, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, বিভাগীয় পর্যায়ের মেডিকেল কলেজ হাসপাতাল এবং বেসরকারী পর্যায়ে স্কয়ার হাসপাতাল, খাজা ইউনুস আলী মেডিকেল কলেজ হাসপাতাল, ডেলটা মেডিকেল কলেজ হাসপাতাল, ক্যান্সার ফাউন্ডেশন হাসপাতাল ও আহছানিয়া মিশন ক্যান্সার হাসপাতাল, মিরপুর সীমিত পরিসরে ক্যান্সার নির্ণয় ও ক্যান্সার চিকিৎসার ক্ষেত্রে অগ্রনী ভূমিকা পালন করছে যা সামগ্রিক চাহিদার তুলনায় অপ্রতুল।

ক্যান্সার চিকিৎসায় ৬০ থেকে ৭০ শতাংশ রোগীর জন্য রেডিওথেরাপি প্রয়োজন হয়। এ ছাড়া ২০ থেকে ৩০ শতাংশের কেমোথেরাপি দিতে হয়। ১২ লাখ ক্যান্সার রোগীর চিকিৎসার জন্য বাংলাদেশে রেডিওথেরাপি মেশিন রয়েছে মাত্র ১৬টি।

আন্তর্জাতিক আর্থিক শক্তি এজেন্সির (আইএইএ) মতে, প্রতি দশ লাখ মানুষের জন্য দু'টি করে রেডিওথেরাপি মেশিন প্রয়োজন। কিন্তু বাংলাদেশে ৯৩ লাখ ৭৫ হাজার মানুষের জন্য (মোট জনসংখ্যা ১৫ কোটি হিসাবে) মাত্র একটি রেডিওথেরাপি মেশিন আছে। ন্যূনতম চিকিৎসা দেয়ার জন্য আরো কমপক্ষে ৩০টি রেডিওথেরাপি মেশিন প্রয়োজন। তাহলে কমপক্ষে ৩২ লাখ ৬০ হাজার মানুষ একটি রেডিওথেরাপি মেশিন থেকে চিকিৎসা নিতে পারবে। আর এক্ষেত্রে অত্র হাসপাতাল প্রকল্পে দু'টি রেডিওথেরাপি মেশিন রোগীদের সেবায় কাজ করবে, যা ক্যান্সার চিকিৎসার ক্ষেত্রে জাতীয় স্বাস্থ্যসেবায় অনেকখানি অবদান রাখবে বলে আমরা আশাবাদী।

জাতীয় ক্যান্সার ইনস্টিটিউট হাসপাতাল ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অনকোলজি বিভাগের হিসাব মতে, বাংলাদেশে ৩০ থেকে ৬৫ বছর বয়সী ৬৬ শতাংশ মানুষই ক্যান্সারে আক্রান্ত। এ হিসাবে একটি বড় অর্থ উপার্জনকারী জনগোষ্ঠীই কোনো না কোনো ক্যান্সারে ভুগে থাকে। কিন্তু এ বয়সের (৩০ থেকে ৬৫ বছর বয়সী) জনগনই দেশের কার্যশক্তির মূল কাঠামো এবং এর একটা বিশাল প্রভাব রয়েছে দেশের অর্থনীতির উপর।

ক্যান্সার চিকিৎসার ক্ষেত্রে অব্যবস্থাপনা এবং সরকারী সাহায্যের অপ্রতুলতার কারণে বাংলাদেশে ক্যান্সারের আধুনিক চিকিৎসা দেয়া সম্ভব হচ্ছেনা। প্রতি বছর এই কারণে বাংলাদেশ বহুল পরিমাণে বৈদেশিক মুদ্রা হারাচ্ছে। যদি সরকার আগামী ৪(চার) বছরে এর এক-চতুর্থাংশ বিনিয়োগ করে তাহলে বাংলাদেশে ক্যান্সারের সার্বিক ব্যবস্থাপনা দক্ষিণ-এশীয় আঞ্চলিক মানদণ্ডে পরিনত হবে বলে আমরা আশাবাদী।

স্বাস্থ্যসেবা পাওয়া জনগণের মৌলিক অধিকার। MDG-এর আটটি GOAL বা লক্ষ্যমাত্রা ২০০০ সালে জাতিসংঘ কর্তৃক নির্ধারিত হয়েছে এবং ২০১৫ সালের মধ্যে সেসব লক্ষ্যমাত্রা অর্জনের তাগিদ ছিল - সেগুলোর মধ্যে ৩টি লক্ষ্য মাত্রাই সরাসরি স্বাস্থ্য বিষয়ক। সরকারের দিন বদলের অঙ্গীকার বাস্তবায়ন তথা স্বাস্থ্যসেবাকে জনগণের দোর গোড়ায় পৌঁছে দিতে এবং এর সার্বিক মান উন্নয়নে বর্তমান সরকার আপ্রান চেষ্টা করছেন এবং তার বেশ সুফলও পাওয়া যাচ্ছে।

আহছানিয়া মিশন ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতাল ২০১৪ সালে প্রতিষ্ঠার পর থেকে ধীরে ধীরে ক্যান্সারসহ সব ধরনের রোগের চিকিৎসার মধ্য দিয়ে দেশের সাধারণ মানুষের সেবা করে যাচ্ছে। ঢাকা আহছানিয়া মিশনের অলাভজনক এই প্রতিষ্ঠানটি বর্তমানে দেশের ক্যান্সার রোগীদের অত্যন্ত সাশ্রয়ী মূল্যে আন্তর্জাতিক মানের চিকিৎসা সেবা দিচ্ছে। এই হাসপাতালের সাথে দেশের সেরা ক্যান্সার বিশেষজ্ঞগণ জড়িত হওয়ার ফলে এটি দেশের ক্যান্সার চিকিৎসায় প্রধানতম বেসরকারি হাসপাতাল হিসেবে ইতিমধ্যেই স্বীকৃতি লাভে সক্ষম হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক অত্র হাসপাতালের জন্য অনুমোদিত শয্যা সংখ্যা ১০০। পর্যায়ক্রমে এর শয্যা সংখ্যা ২৫০ এবং পরবর্তীতে ৫০০ পর্যন্ত করার পরিকল্পনা রয়েছে। দেশের সাধারণ মানুষ, বিশেষ করে আর্থিক ভাবে স্মল্ল নয় এমন মানুষের জন্য ক্যান্সারসহ অন্যান্য জটিল ও ব্যয়বহুল রোগের স্বল্প মূল্যে উন্নত চিকিৎসা নিশ্চিত করাই হাসপাতালটির লক্ষ্য।

বর্তমান সরকারের যুগান্তকারী ও যুগোপযোগী গঠনমূলক নীতিমালার অনুসরণে সরকারী-বেসরকারী যৌথ প্রচেষ্টায় আর্থ-সামাজিক খাতে জনকল্যানমুখী প্রকল্পে সরকারী সাহায্য প্রদানের জন্য ১৮.১০.১৯৯৮ তারিখে একনেক কর্তৃক গৃহীত নীতিমালা'র আলোকে ও চলমান প্রক্রিয়ার ধারাবাহিকতায় ৩১.০১.২০০৬ইং তারিখে পুনরায় একনেক দেয় নির্দেশনা মোতাবেক সরকারী/বেসরকারী যৌথ উদ্যোগে এই প্রকল্পটি প্রস্তাব করা হয়।

৮.২ প্রকল্পের উদ্দেশ্য:

প্রকল্পটির সামগ্রিক উদ্দেশ্য হলো আহছানিয়া মিশন ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতালের জন্য আধুনিক মেডিকেল ইকুইপমেন্ট সংগ্রহ করা এবং প্রতিষ্ঠানটির প্রফেশনাল দের ক্যাপাসিটির উন্নয়ন সাধন করা। প্রকল্পটির Specific উদ্দেশ্য হলো:

- (ক) বিদ্যমান আহছানিয়া মিশন ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতালের জন্য আধুনিক যন্ত্রপাতি সংগ্রহ করা;
- (খ) ক্যান্সার রোগ প্রতিরোধ, প্রতিকার ও চিকিৎসার জন্য পেশাজীবীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা;
- (গ) ক্যান্সার রোগীদের জন্য ডাটাবেজ তৈরি করা;
- (ঘ) ক্যান্সার রোগের চিকিৎসার ক্ষেত্রে সরকারি-বেসরকারি হাসপাতাল/প্রতিষ্ঠানের মধ্যে অনলাইনে তথ্য আদান-প্রদান

- করা।
- (ঙ) ক্যান্সার চিকিৎসার জন্য দেশের রোগীদের বাইরে গিয়ে চিকিৎসার ব্যাপারে নিরোৎসাহিত করে বৈদেশিক মুদ্রার ব্যয় সাশ্রয় করা;
- (চ) কম আর্থিক সম্পন্ন রোগীকে ৩০% সাশ্রয়ী মূল্যে চিকিৎসা সেবা দেয়া এবং অতি গরীব রোগীকে সম্ভাব্য ক্ষেত্রে বিনা মূল্যে চিকিৎসা সেবা প্রদান করা;
- (ছ) হাসপাতালটিকে **No-Profit No-Loss** ভিত্তিতে পরিচালিত করে কল্যাণকর ভূমিকা পালন করা।

৮.৩ প্রকল্পটির প্রধান প্রধান কার্যক্রম:

- এ দেশে বেসরকারী পর্যায়ে ক্যান্সার চিকিৎসার ক্ষেত্রে যুগোপযোগী ও আধুনিক চিকিৎসা প্রদানের লক্ষ্যে আফ্রানিয়া মিশন ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতালের (এএমসিজিএইচ) জন্য আধুনিক যন্ত্রপাতি সংগ্রহ করা;
- ক্যান্সার রোগ প্রতিরোধ, প্রতিকার ও যুগোপযোগী, আধুনিকতম চিকিৎসার জন্য সংশ্লিষ্ট পেশাজীবীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা।

৮.৪ প্রকল্পের অনুমোদন অবস্থা:

- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর আওতাধীন প্রস্তাবিত **“PROVISION FOR EQUIPMENT AND PROFESSIONAL TRAINING FOR AHSANIA MISSION CANCER AND GENERAL HOSPITAL”** শীর্ষক প্রকল্পটি বিবেচনার জন্য পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ (স্বাস্থ্য উইং) কর্তৃক ১৬/০৫/২০১১ইং তারিখে অনুষ্ঠিত বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটির **(SPEC)** সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের মেয়াদ জানুয়ারী’২০১১ থেকে জুন’২০১২ এর পরিবর্তে সংশোধিত আকারে জুলাই’২০১১ থেকে ডিসেম্বর’২০১২ পর্যন্ত নির্ধারণ করা হয়।
- পরিকল্পনা কমিশনের ২০১১-২০১২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর রিপোর্টে পৃষ্ঠা নং-৬১৪ ও ৬১৫-তে উক্ত প্রকল্পের বিপরীতে জেডিসিএফ প্রকল্প সাহায্য উৎস হ’তে ২০১০-২০১১ সালের সংশোধিত বরাদ্দে ৩০ কোটি এবং ২০১১-২০১২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে আরও ৩০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়।
- পরবর্তীতে জেডিসিএফ সূত্র হতে প্রাপ্ত অর্থের বরাদ্দ বহাল রাখার বিষয়টিকে গুরুত্ব প্রদান করে, প্রকল্পের সংশোধিত মেয়াদকাল জুলাই’২০১১-ডিসেম্বর’২০১২ পর্যন্ত বৃদ্ধি করণ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর মাধ্যমে পরিকল্পনা কমিশনের ইআরডি-কে প্রস্তাব পাঠানোর জন্য অনুরোধ জানিয়ে গত ২২/০৬/২০১১ তারিখে এএমসিজিএইচ - এর পক্ষ থেকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর সচিব বরাবর এ সংক্রান্ত পত্র প্রেরণ করা হয়।
- SPEC সভার সিদ্ধান্ত মোতাবেক চলমান প্রকল্প **“AHSANIA MISSION CANCER AND GENERAL HOSPITAL”** এবং প্রস্তাবিত প্রকল্প **“PROVISION FOR EQUIPMENT AND PROFESSIONAL TRAINING FOR AHSANIA MISSION CANCER AND GENERAL HOSPITAL”** শীর্ষক প্রকল্প দু’টির মাঝে বিভিন্ন অঙ্কে কোন ধরনের দ্বৈততা আছে কিনা -তা পরীক্ষা করে মতামত প্রদানের জন্য অনুরোধ জানিয়ে গত ২৬/০৭/২০১১ তারিখ এএমসিজিএইচ-এর পক্ষ থেকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর সচিব বরাবর এ সংক্রান্ত পত্র প্রেরণ করা হয়।
- উক্ত পত্র প্রদান এবং SPEC সভার সিদ্ধান্ত মোতাবেক উপরোল্লিখিত চলমান এবং প্রস্তাবিত দু’টি প্রকল্পের যন্ত্রপাতির মধ্যে কোন ধরনের দ্বৈততা আছে কিনা তা স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক পরীক্ষা করে মতামত প্রদানের জন্য অনুরোধের প্রেক্ষিতে গত ২১/০৯/২০১১ তারিখ স্বাস্থ্য অধিদপ্তর-এর পরিচালক (পরিকল্পনা ও গবেষণা) স্বাক্ষরিত ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠিত হয়।
- গত ১১/১০/২০১১ তারিখ স্বাস্থ্য অধিদপ্তর-এর পরিচালক (পরিকল্পনা ও গবেষণা) স্বাক্ষরিত পত্রের মাধ্যমে অনুমোদিত চলমান ডিপিপি-র ২৫নং পৃষ্ঠায় বিভাগ অনুসারে যন্ত্রপাতির বিস্তারিত তালিকা পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তর বরাবর প্রেরণের জন্য অনুরোধ জানিয়ে এএমসিজিএইচ বরাবর পত্র প্রেরণ করা হয়।
- এর প্রেক্ষিতে গত ২৪/১২/২০১১ এবং ১৮/০১/২০১২ইং তারিখ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত সভায় প্রতিটি বিভাগ অনুসারে যন্ত্রপাতির বিস্তারিত তালিকা প্রদান করা হয়, যা পরবর্তীতে পুনর্গঠিত ডিপিপি-তে সংযুক্ত করা হয়েছে।

- পরবর্তীতে পুনর্গঠিত ডিপিপি (SPEC সভার সিদ্ধান্ত মোতাবেক পূর্বের টিপিপি-কে ডিপিপি-তে রূপান্তর করা হয়) গত ০৬/০২/২০১২ইং তারিখে মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করা হয়।
- এএমসিজিএইচ-এর বিপরীতে চলমান এবং প্রস্তাবিত দু'টি প্রকল্পের যন্ত্রপাতির মধ্যে কোন ধরনের দ্বৈততা আছে কিনা তা স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক পরীক্ষা করে মতামত প্রদানের জন্য গঠিত কমিটি গত ২৭/০৩/২০১২ইং তারিখে এ সংক্রান্ত যাচাই-বাছাই শেষে কিছু কিছু ক্ষেত্রে সংশোধনপূর্বক তা পুনর্গঠিত ডিপিপি-তে অন্তর্ভুক্ত করার ব্যাপারে দিক-নির্দেশনা দেন।
- সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন চলমান প্রকল্পের পরামর্শকের কার্যপরিধি এবং আসবাবপত্রের তালিকা না থাকায় পরিকল্পনা মন্ত্রণালয়-এর আইএমইডি কর্তৃক উপরোক্ত দ্বৈততার বিষয়ে এ সংক্রান্ত পরীক্ষা-নিরীক্ষার উদ্দেশ্যে তা প্রেরণের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে অনুরোধ করে পরিকল্পনা মন্ত্রণালয়-এর আইএমইডি থেকে গত ২৬/০৮/২০১২ইং তারিখে পত্র প্রেরণ করা হয়।
- এর প্রেক্ষিতে এবং গত ১৭/০৯/২০১২ইং তারিখ সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালকের চাহিদার প্রেক্ষিতে ১৩/০৯/২০১২ তারিখ ঢাকা আহছানিয়া মিশনের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের প্রধানের স্বাক্ষরে প্রকল্পের পরামর্শকের কার্যপরিধি এবং আসবাবপত্রের তালিকা সমাজকল্যাণ মন্ত্রণালয়-এর যুগ্ম-প্রধান ও অত্র প্রকল্পের প্রকল্প পরিচালক মহোদয় বরাবর তা প্রেরণ করা হয়। পরবর্তীতে উক্ত আসবাবপত্রের তালিকা সংশোধিত আকারেও স্বাস্থ্য অধিদপ্তর-এর চাহিদা অনুসারে সংশোধনসহ ২৪.০১.২০১৩ তারিখে উক্ত দপ্তরে অনুষ্ঠিত সভায় তা উপস্থাপন করা হয়।
- গত ১৬/০৫/২০১১ইং তারিখ অনুষ্ঠিত SPEC সভার সিদ্ধান্তের আলোকে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ডিপিপি-টি পরীক্ষা করে তা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য গত ২৩/১২/২০১২ইং তারিখে স্বাস্থ্য অধিদপ্তর-এর মহাপরিচালক বরাবর প্রেরণ করা হয়।
- ডিপিপি-টি পরীক্ষা করে তা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণের পূর্বে স্বাস্থ্য অধিদপ্তর-এর পরিকল্পনা ও গবেষণা শাখার উপ-পরিচালক এবং এ সংক্রান্ত কমিটির সভাপতি এবং কমিটির ৪(চার) জন সদস্যের উপস্থিতিতে একটি সভা অনুষ্ঠিত হয়।
- পরবর্তীতে উক্ত কমিটির সুপারিশক্রমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় জেডিসিএফ এর অর্থায়নে বাস্তবায়নাধীন “Provision for Equipment and Professional Training for Ahsania Mission Cancer and General Hospital” শীর্ষক প্রকল্পটি গত ২২.০৪.২০১৪ তারিখে একনেক কর্তৃক এপ্রিল ২০১৪ হতে জুন ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত আবেদনের প্রেক্ষিতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গত ০৮/০৭/২০১৫ইং তারিখে প্রকল্পটির মেয়াদ জুন ২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ১০০.০০ কোটি টাকা যার মধ্যে জিওবি'র অবদান (জেডিসিএফ) ৬০.০০ কোটি টাকা এবং ঢাকা আহছানিয়া মিশনের অবদান ৪০.০০ কোটি টাকা।

৯।

মূল্যায়ন পদ্ধতি (Methodology): মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত দলিলাদি/তথ্যাদি বিবেচনা করা হয়েছে:


- (ক) সংশ্লিষ্ট প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
- (খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
- (গ) এডিপি/আরএডিপি পর্যালোচনা;
- (ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;
- (ঙ) প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা; এবং
- (চ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১০।

ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন : ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত বিস্তারিত তথ্য পরিশিষ্ট-খ (জেডিসিএফ পার্ট) ও পরিশিষ্ট-গ (ডাআ আহহানিয়া মিশন পার্ট) এ দেখা যেতে পারে। ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে কোন গুরুতর অনিয়ম পরিলক্ষিত হয়নি। FAPAD কর্তৃক প্রকল্পটির অডিট সম্পন্ন হয়েছে। FAPAD কর্তৃক কয়েকটি বিষয়ে ত্রুটি উল্লেখ করে আপত্তি উত্থাপন করা হয়। পরবর্তিতে আপত্তিসমূহের বিষয়ে এএমসিজিএইচ-এর পক্ষ থেকে প্রদত্ত ব্যাখ্যার প্রেক্ষিতে আপত্তিসমূহ নিষ্পত্তি করা (পরিশিষ্ট-ঘ) হয়েছে।

পরিদর্শনকালে গৃহিত কিছু স্থিরচিত্র:

	
স্থিরচিত্র ১: সংগৃহিত যন্ত্রপাতির স্থিরচিত্র	স্থিরচিত্র ২: সংগৃহিত যন্ত্রপাতির স্থিরচিত্র
	
স্থিরচিত্র ৩: সংগৃহিত যন্ত্রপাতির স্থিরচিত্র	স্থিরচিত্র ৪: সংগৃহিত যন্ত্রপাতির স্থিরচিত্র
	
স্থিরচিত্র ৫: সংগৃহিত যন্ত্রপাতির স্থিরচিত্র	স্থিরচিত্র ৬: সংগৃহিত যন্ত্রপাতির স্থিরচিত্র



স্থিরচিত্র ৭: সংগৃহিত যন্ত্রপাতির স্থিরচিত্র



স্থিরচিত্র ৮: সংগৃহিত যন্ত্রপাতির স্থিরচিত্র



স্থিরচিত্র ৯: সংগৃহিত যন্ত্রপাতির স্থিরচিত্র



স্থিরচিত্র ১০: সংগৃহিত যন্ত্রপাতির স্থিরচিত্র



স্থিরচিত্র ১১: হাসপাতালে ক্যান্সারের চিকিৎসা প্রদানকালের স্থিরচিত্র

১১। মাঠ পর্যায়ে পরিদর্শনে প্রাপ্ত তথ্যঃ গত ১৬/১০/ ২০১৭ তারিখে আহ্বানিয়া মিশন ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতালে প্রকল্পটির আওতায় সম্পাদিত কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকের প্রতিনিধি উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য ও পর্যবেক্ষন নিম্নরূপ:

ক) ভূমি অধিগ্রহণ: প্রকল্পের আওতায় কোন ভূমি অধিগ্রহণ করা হয়নি।

খ) নির্মাণ কাজ: প্রকল্পের আওতায় কোন নির্মাণ কার্যক্রম পরিচালিত হয়নি।

গ) যানবাহন সংক্রান্ত তথ্যাদি: প্রকল্পের আওতায় TOYOTA M. Corp.-2013 মডেল 2694 CC একটি গ্র্যান্ডুলেস সংগ্রহ করা হয়েছে। এর নম্বর ঢাকা মেট্রো-চ-৭১-১৫২৬।

ঘ) পরামর্শক সংক্রান্ত তথ্যাদি: প্রকল্পের আওতায় ১(এক) জন ক্রয় সংক্রান্ত এবং ০১(এক) জন বায়োমেডিক্যাল বিশেষজ্ঞসহ মোট ০২(দুই) জন পরামর্শক নিয়োজিত ছিলেন। তাঁদের কর্মপরিধি পরিশিষ্ট-ক এ সংযুক্ত করা হ'ল।

ঙ) প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি: প্রকল্পের আওতায় হাসপাতালের বিভিন্ন বিভাগে কর্মরত চিকিৎসক ও সহায়ক জনবলকে দেশে ও বিদেশে ক্যান্সার রোগ, রোগ সনাক্তকরণ সংক্রান্ত পরীক্ষা, ক্যান্সারের আধুনিক চিকিৎসা পদ্ধতি ইত্যাদি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ প্রদান রা হয়েছে বলে জানা যায়। প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন ধরনের আধুনিক যন্ত্রপাতি পরিচালনার জন্যও বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে বলেও জানান হয়।

চ) যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় সংক্রান্ত তথ্যাদি: প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন ধরনের মূল্যবান যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে বলে জানা যায়। প্রকল্পের প্রধান কার্যক্রমই হচ্ছে মেডিকেল যন্ত্রপাতি ও মেডিকেল আসবাবপত্র সংগ্রহ করা। প্রকল্প পরিদর্শনকালে আহছানিয়া মিশন ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতালের সংগৃহীত যন্ত্রপাতি ও আসবাবপত্র যেসব কক্ষে স্থাপন করা হয়েছে সেসব কক্ষ পর্যবেক্ষণ করা হয়। পর্যবেক্ষণাকালে হাসপাতালের জন্য সংগৃহীত অন্তর্গত যন্ত্রপাতি ব্যবহার করাতে দেখা যায়। এগুলোর মান সম্পর্কে জানতে চাইলে সংশ্লিষ্ট ব্যবহারকারীগণ যন্ত্রপাতিগুলো উন্নত মানের বলে জানান।

১২।

প্রকল্পের সার্বিক অগ্রগতি:

প্রকল্পটির শুরু হতে সমাপ্তি পর্যন্ত ডিপিপি 'র সংস্থানকৃত ১০০০০.০০ লক্ষ টাকার বিপরীতে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১০০০০.০০ লক্ষ টাকা, যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ১০০.০০% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বহরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপ:

(লক্ষ টাকায়)						
অর্থবছর	মূল ডিপিপি সংস্থান	সংশোধিত ডিপিপি সংস্থান	সংশোধিত এডিপিতে বরাদ্দ	অবমুক্ত	মোট ব্যয়	সমর্পণকৃত অর্থ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
২০১৩-২০১৪	৫০০.০০	৫০০.০০	৫০০.০০	-	-	-
২০১৪-২০১৫	৫৫০০.০০	৪০০০.০০	৪০০০.০০	৪০০০.০০	৪০০০.০০	-
২০১৫-২০১৬	-	২০০০.০০	২০০০.০০	২০০০.০০	২০০০.০০	-
মোট:				৬০০০.০০	৬০০০.০০	

তথ্য সূত্র: পিসিআর ও পরিদর্শনকালে প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবি	হইতে	পর্যন্ত
১	রিগেডিয়র জেনারেল ডাঃ সৈয়দ ফজলে রহিম (অবঃ) প্রকল্প পরিচালক, “প্রভিশন ফর ইকুইপমেন্ট এন্ড প্রফেশনাল ট্রেনিং ফর আহছানিয়া মিশন ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতাল ” শীর্ষক প্রকল্প এবং ব্যবস্থাপনা পরিচালক, আহছানিয়া মিশন ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতাল ।	২৬/১১/২০১৪	৩০/০৬/২০১৬

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

প্রকল্প পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্যের প্রেক্ষিতে অর্জিত ফলাফল নিম্নরূপ:

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জিত ফলাফল	
(ক)	বিদ্যমান আস্থানিয়া মিশন ক্যাম্পার এন্ড জেনারেল হাসপাতালের জন্য আধুনিক যন্ত্রপাতি সংগ্রহ করা;	(ক)	বিদ্যমান আস্থানিয়া মিশন ক্যাম্পার এন্ড জেনারেল হাসপাতালের জন্য আধুনিক যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। তবে যন্ত্রপাতিসমূহ পূর্ণমাত্রায় ব্যবহৃত হচ্ছে না।
(খ)	ক্যাম্পার রোগ প্রতিরোধ, প্রতিকার ও চিকিৎসার জন্য পেশাজীবীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা;	(খ)	ক্যাম্পার রোগ প্রতিরোধ, প্রতিকার ও চিকিৎসার জন্য হাসপাতালের পেশাজীবীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধিও কাজ চলমান রয়েছে।
(গ)	ক্যাম্পার রোগীদের জন্য ডাটাবেজ তৈরি করা;	(গ)	ক্যাম্পার রোগীদের জন্য ডাটাবেজ তৈরীর কাজ চলমান রয়েছে।
(ঘ)	ক্যাম্পার রোগের চিকিৎসার ক্ষেত্রে সরকারি-বেসরকারি হাসপাতাল/প্রতিষ্ঠানের মধ্যে অনলাইনে তথ্য আদান-প্রদান করা।	(ঘ)	ক্যাম্পার রোগের চিকিৎসার ক্ষেত্রে বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতাল/প্রতিষ্ঠানের মধ্যে অনলাইনে তথ্য আদান-প্রদান করা হচ্ছে।
(ঙ)	ক্যাম্পার চিকিৎসার জন্য দেশের রোগীদের বাইরে গিয়ে চিকিৎসার ব্যাপারে নিরুৎসাহিত করে বৈদেশিক মুদ্রার ব্যয় সাশ্রয় করা;	(ঙ)	প্রতিদিন উল্লেখযোগ্য সংখ্যক রোগী ক্যাম্পার চিকিৎসার জন্য এ হাসপাতালে আসেন। তাদের মধ্যে অনেকেই দেশের বাইরে গিয়ে চিকিৎসার ব্যাপারে আগ্রহী ছিলেন। কিন্তু এ হাসপাতালের সেবায় সন্তুষ্ট হয়ে বর্তমানে দেশের বাইরে গিয়ে চিকিৎসার ব্যাপারে নিরুৎসাহিত হয়েছেন বলে জানান। এরফলে বৈদেশিক মুদ্রার ব্যয় সাশ্রয় করা অনেকাংশে সম্ভব হয়েছে।
(চ)	কম আর্থিক সামর্থ্য সম্পন্ন রোগীকে ৩০% সাশ্রয়ী মূল্যে চিকিৎসা সেবা দেয়া এবং অতি গরীব রোগীকে সম্ভাব্য ক্ষেত্রে বিনা মূল্যে চিকিৎসা সেবা প্রদান করা;	(চ)	কম আর্থিক সামর্থ্য সম্পন্ন রোগীকে ৩০% সাশ্রয়ী মূল্যে চিকিৎসা সেবা দেয়া হচ্ছে এবং অতি গরীব রোগীকে সম্ভাব্য ক্ষেত্রে বিনা-মূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে বলে কর্তৃপক্ষ জানান।

১৫। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ : প্রকল্পের মূল উদ্দেশ্য শতভাগ অর্জন সম্ভব না হলেও অনেকাংশে তা অর্জিত হয়েছে বলে হাসপাতাল কর্তৃপক্ষ জানান।

১৬। পরিদর্শনকালে চিহ্নিত সমস্যা:

১৬.১ আস্থানিয়া মিশন ক্যাম্পার এন্ড জেনারেল হাসপাতালের জন্য কিছু কিছু ক্ষেত্রে প্রয়োজনের তুলনায় অনেক বেশী যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে (যেমন: অপারেশন টেবিলসহ অপারেশন থিয়েটারের যন্ত্রপাতিসমূহ);

১৬.২ যন্ত্রপাতি সংগ্রহ করা হলেও ঐসকল যন্ত্রপাতির ব্যবহার সর্বোত্তম পর্যায়ে করার জন্য প্রয়োজনীয় জনবল নিয়োগ দেয়া হয়নি(যেমন: ইসিজি, ইইজি ও ইকো রুম স্থাপন করে যন্ত্রপাতি স্থাপন রা হলেও প্রয়োজনীয় জনবল না থাকায় ঐসকল যন্ত্রপাতি ব্যবহৃত হচ্ছে না);

১৬.৩ আস্থানিয়া মিশন ক্যাম্পার এন্ড জেনারেল হাসপাতালের জন্য ক্যাম্পার ও জেনারেল স্বাস্থ্য সেবা দু'ধরণে সেবা প্রদানের

জন্যই প্রয়োজনীয় ভৌত অবকাঠামো ও অন্যান্য সুবিধা সৃষ্টির জন্য যন্ত্রপাতি ও আসবাবপত্র প্রকল্পের আওতায় সংগ্রহ করা হয়েছে। কিন্তু হাসপাতালটি মূলতঃ ক্যান্সারজনিত চিকিৎসা ও সেবা কার্যক্রম সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় জনবল নিয়োগ প্রদান করেছে। হাসপাতালের শয্যা ব্যবহারের হারও অপ্রতুল। পূর্ণ মাত্রায় হাসপাতালটির অবকাঠামো ব্যবহৃত না হলে এমন একটি সেবামূলী প্রতিষ্ঠানের নিয়মিত আবর্তক ব্যয় নির্বাহ করে এটিকে Sustain করানো কঠিন হবে। ফলে এ প্রতিষ্ঠানটির নির্মাণ, যন্ত্রপাতি ক্রয় ও অন্যান্যখাতে সরকার কর্তৃক প্রদত্ত অনুদানকৃত অর্থের পূর্ণ উপযোগ হবে না। এছাড়া আহুনিয়া মিশন-এরও বিনিয়োগ একই কারণে প্রশ্নবিদ্ধ হবে;

- ১৬.৪ সংগৃহীত যন্ত্রপাতিসমূহ সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে না (যেমন: অপারেশন টেবিলের উপর স্কুপাকারে বিভিন্ন মালামাল সংরক্ষণ করা হচ্ছে যা টেবিলের অনেক ফাংশনের জন্য ঝুঁকিপূর্ণ (স্থির চিত্র নং ৫, ৬); এবং
- ১৬.৫ একটি আধুনিক মানের হাসপাতাল নির্মিত হলেও ব্যবস্থাপনা ত্রুটি কারণে হাসপাতালটি সেবা কার্যক্রম বৃদ্ধিতে প্রতিবন্ধকতা তৈরী করেছে বলে পরিদর্শনকালে মনে হয়েছে।

১৭। সুপারিশ:

- ১৭.১ বিবেচ্য প্রকল্পের আওতায় ক্রয়কৃত বেশী যন্ত্রপাতির তালিকা প্রাসঙ্গিক তথ্যাদিসহ প্রণয়ন করে তা হাসপাতাল কর্তৃপক্ষের নিকট প্রদান করে তা আইএমইডিকে অবহিত করতে হবে। প্রয়োজনের তুলনায় বেশী ক্রয়কৃত যন্ত্রপাতিসমূহ সঠিকভাবে সংরক্ষণ করতে হবে যেন এগুলোর কার্যক্ষমতা হ্রাস না পায়;
- ১৭.২ হাসপাতালটিকে পূর্ণ কার্যকর করার নিমিত্ত প্রয়োজনীয় জনবল নিয়োগ দেয়া বিষয়টি বিবেচনা করতে হবে;
- ১৭.৩ নির্মিত আধুনিক মানের হাসপাতাল পরিচালনার জন্য একটি সামগ্রিক ব্যবস্থাপনা কাঠামো ও প্রয়োজনীয় জনবলকে দায়িত্ব প্রদানের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং
- ১৭.৪ অনুচ্ছেদ ১৭.১ হতে ১৭. ৩ এ উল্লিখিত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইএমইডি'কে প্রতিবেদন জারীর ৩০ কার্যদিবসের মধ্যে অবহিত করতে হবে।

পরামর্শক সম্পর্কিত তথ্যাদি

ক্রমিক নং	পরামর্শকের নাম, মোবাইল নম্বর ও মেয়াদকাল	কার্যপরিধি (ToR)	পরামর্শক কর্তৃক প্রদত্ত সেবা (Deliverables)
	<p>Consultant (Bio-Medical) Mr. S.M. Muraduzzaman +8801676985068 April' 2011-July'2013</p>	<ul style="list-style-type: none"> ▪ Phase wise (Phase I, II & III) and Department wise Equipment Identification. ▪ Phase wise and Department wise equipment specification. ▪ Tentative equipment budget for Phase I & II ▪ Department wise local equipment identification including specification for Phase I & II ▪ Tentative equipment budget for Option-1 of Phase I ▪ Development of Tender Schedule of the Equipment according to the all Phases. 	<ul style="list-style-type: none"> ▪ Phase wise (Phase I, II & III) and Department wise Equipment Identification. ▪ Phase wise and Department wise equipment specification. ▪ Tentative equipment budget for Option-1 of Phase I ▪ Development of Tender Schedule of the Equipment according to the all Phases.
	<p>Consultant (Procurement) Mr. Mirza M.F. Alamgir +8801733233016 April' 2014 - July'2015</p>	<ul style="list-style-type: none"> ▪ Prepare the specifications of medical equipment. ▪ Process for procurement of equipment keeping in line with the PPA and PPR. ▪ Ensure timely procurement and installation of equipment. ▪ Ensure training of manpower deployed for operation of the equipment. 	<ul style="list-style-type: none"> ▪ Prepare the specifications of medical equipment. ▪ Process for procurement of equipment keeping in line with the PPA and PPR. ▪ Ensure timely procurement and installation of equipment. ▪ Ensure training of manpower deployed for operation of the equipment.

“প্রতিশ্রুতি স্বর ইকুইপমেন্ট এক প্রকেশনাল ট্রেনিং স্বর আহসানিরা মিশন ক্যান্সার এক ডেনারেল হসপিটাল” শীর্ষক প্রকল্পের আওতাধীন স্বর স্বাক্ষর তথ্য:

(কোটি টাকায়)

প্যাকেজের নাম	প্যাকেজ নং ও লট নং	আরডিপিপি অনুযায়ী প্রাক্কলিত স্বর	টেন্ডার আহ্বানের তারিখ	পত্রিকার নাম ও পত্রিকার প্রকাশের তারিখ	টেন্ডার উন্মুক্ত করণের তারিখ	টেন্ডার অনুমোদনের তারিখ	NOA প্রদানের তারিখ	চুক্তির তারিখ	চুক্তির মূল্য	চুক্তি অনুযায়ী স্বর সম্পাদনের তারিখ	প্রকৃত স্বর সম্পাদনের তারিখ	পরিশোধিত মূল্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
